গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীর কার্যালয়
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

# বিজ্ঞপ্তি

আগামী ১২-০৮-২০২১ ইং তারিখ রোজ বৃহস্পতিবার সকাল: ১১:০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে উপজেলা সভা কক্ষে " জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ" কমিটির এক সভার আহবান করা হয়েছে। উক্ত সভায় যথা সময়ের উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ করা হইল।

আলোচ্য সূচী:
১। স্যানিটেশন বিষয়ে আলোচনা।
২। অন্যান্য।

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১.০৮.০৪৩.১৪ —— ২৮৫(৬)
তারিখ: ০৯/০৮/২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১। উপজেলা ভাইস চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।
২। চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ।
৩। চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ।
৪। চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ।

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১.০৮.০৪৩.১৪ —— ২৮৫(৬)/১
তারিখ: ০৯/০৮/২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল:
১। উপজেলা চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার,নবাবগঞ্জ,দিনাজপুর।

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
ও
সদস্য সচিব
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটি
নবাবগঞ্জ,দিনাজপুর।

CS CamScanner

জনস্বাস্থ্য, স্যানিটেশন ও বিশুদ্ধ পানি সরবরাহ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ আব্দুর রাজ্জাক
উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ
সভার স্থান: উপজেলা সভাকক্ষ
সভার সময়: সকাল ১১:০০ ঘটিকা
তারিখ: ১২-০৮-২০২১ ইং

উপস্থিত সন্মানিত সদস্যবন্দের বিবরণী

| ক্র:নং | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,নবাবগঞ্জ | সভাপতি | স্বাক্ষরিত |
| ২ | চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ | সদস্য | " |
| ৩ | চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ | সদস্য | " |
| ৪ | চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ | সদস্য | " |
| ৫ | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | সদস্য সচিব | " |

সভায় উপস্থিত সন্মানিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় আলোচনার সূত্রপাত করেন। সভার শুরুতেই সহকারী প্রকৌশলীর নিকটে কাজের অগ্রগতির বিষয়ে জানতে চাওয়া হ'লে তিনি জানান যে, ২০২১- ২২ ইং অর্থ বৎসরের তারা নলকূপের বরাদ্দ ইতিমধ্যেই পাওয়া গিয়েছে। প্রতিটি ইউনিয়নের জন্যে বরাদ্দ এসেছে ২৬ টি করে তারা নলকূপ। পরিপত্র অনুযায়ী বরাদ্দের ৫০% অর্থ্যাৎ ১৩টি তারা নলকূপের স্থান মাননীয় সংসদ সদস্য মহোদয় প্রদান করবেন এবং বাকী ১৩টির স্থান ইউনিয়ন ওয়াটস্যান কমিটি কর্তৃক নির্বাচন করা হবে। পরবর্তীতে ইউনিয়ন ওয়াটস্যান কমিটি কর্তৃক নির্বাচিত স্থান তালিকা যথাক্রমে উপজেলা ওয়াটস্যান কমিটির মাধ্যমে অনুমোদন করাতে হবে। সহকারী প্রকৌশলী জানান যে, ইতিমধ্যেই বরাদ্দ বিভাজনের কাজ সম্পন্ন হয়েছে।

সহকারী প্রকৌশলী আরো জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে যোগযোগ করে জানা যায় যে, ২০২১- ২২ ইং অর্থ বৎসরের আওতায় উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচীর অনুকূলে ১ম কিস্তির বরাদ্দ এসেছে এবং তার পরিমান ২৫,০৮০০০/- টাকা।

সভায় সহকারী প্রকৌশলী জানান যে, ১ম কিস্তির মোট বরাদ্দের ১৫% অর্থ অর্থ্যাৎ ৩,৭৬,২০০/- টাকা স্যানিটেশন খাতে ব্যয় করা যাবে।

সভাপতি মহোদয় অবহিত করেন যে, স্যানিটেশন খাতের বরাদ্দের অর্থ দিয়ে স্যানিটেশনের বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করা হবে। তিনি জানান যে, নবাবগঞ্জ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ে ছাত্রীদের জন্য নতুন একটি ল্যাট্রিন নির্মাণ করা প্রয়োজন এবং তৎসহ পুরাতন ল্যাট্রিন সংস্কার করা প্রয়োজন এবং এর পাশাপাশি নবাবগঞ্জ মহিলা কলেজ এর টয়লেটও সংস্কার করা প্রয়োজন।

এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করবেন মর্মে জানান এবং স্যানিটেশন খাতের বরাদ্দ থেকে শিক্ষা প্রতিষ্ঠান ২টির ছাত্রীদের জন্য শৌচাগার নির্মাণ ও সংস্কারে ভুমিকা রাখবেন মর্মে জানান। সভাপতি মহোদয়ের এমত:প্রস্তাবনায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন এবং সমর্থন জানান।

CamScanner

সভাপতি মহোদয় উক্ত প্রস্তাবনা সমর্থনের জন্যে সকলকে ধন্যবাদ জানান এবং আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্য বৃন্দকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপন করত: সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষনা করেন।

02/08/2020

(মোঃ আব্দুর রাজ্জাক)
সভাপতি
জনস্বাস্থ্য স্যানিটেশন ও বিশুদ্ধ পানি
সরবরাহ কমিটি
ও
উপজেলা ভাইস চেয়ারম্যান,
নবাবগঞ্জ, দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সহকারী প্রকৌশলীল কার্যালয়
জনস্বাস্থ্ প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১.০১.০৪০.১৪ ———— ২৯১(৬) তারিখ: 02/09/2020

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। উপজেলা চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।

২। উপজেলা নির্বাহী অফিসার,নবাবগঞ্জ,দিনাজপুর।

02/09/2020

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

স্মারক নং:৪৬.২০৩.২৭৬৯.৩০১. তারিখ:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১। উপজেলা ভাইস চেয়ারম্যান, নবাবগঞ্জ উপজেলা পরিষদ,নবাবগঞ্জ,দিনাজপুর।

২। চেয়ারম্যান ১নং জয়পুর ইউনিয়ন পরিষদ।

৩। চেয়ারম্যান ৩নং গোলাপগঞ্জ ইউনিয়ন পরিষদ।

৪। চেয়ারম্যান ৭ নং দাউদপুর ইউনিয়ন পরিষদ।

( মোঃ আমীর হোসেন)
সহকারী প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
নবাবগঞ্জ,দিনাজপুর।

CamScanner